



## পক্সি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

ব্যংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর /সংস্থার ইনোভেশন টিমে পিকেএসএফ এর সদস্যদের অংশগ্রহণে  
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: ড. একেএম নুরচজ্জামান

সভার তারিখ: ০১ আগস্ট, ২০১৯

সময়: সকাল ০৩.৩০ ঘটিকা


সভার স্থান: কক্ষ নম্বর-৫৫১, পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-“ক”

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং পরিকল্পনা মোতাবেক কার্যক্রম সঠিক সময়ে বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। আগামী ২২ আগস্ট ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের নাগরিক-সেবা উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভার আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম.	আলোচ্য বিষয়	আলোচনা/সিদ্ধান্ত
০১.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা বিষয়ক আলোচনা।	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আগামী ২২ আগস্ট ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের নাগরিক-সেবা উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতির বিষয় আলোচনা করা হয় এবং উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতিবিষয়ক সমন্বিত তথ্য আগামী ২০ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সংযুক্ত পাওয়ার পয়েন্ট টেমপ্লেট মোতাবেক সফটকপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।
০২.	উদ্ভাবন পরিকল্পনার কার্যক্রমসমূহের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ বিষয়ক আলোচনা।	পিকেএসএফ-এর বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে পিকেএসএফ এর নিউজ লেটারে বিস্তারিত উল্লেখ রয়েছে বলে সভায় আলোচনা করা হয়। উক্ত নিউজ লেটারটি বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়নের স্বপক্ষে প্রমাণক হিসেবে ব্যবস্থাপনার অনুমতি ক্রমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩.	উদ্ভাবন বিষয়ক অগ্রগতি আলোচনা ও অভিজ্ঞতা বিনিময়।	পরবর্তি অর্থবছরের উদ্ভাবন বিষয়ক ধারণা প্রাপ্তির জন্য জনবল শাখাকে অবহিত করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় উল্লেখ করা হয় যে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা সমূহ যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে যাচাই বাছাই করা হচ্ছে। উক্ত উদ্ভাবনী গুলো থেকে ২টি ধারণা পরবর্তী বছরের জন্য বিবেচ্য হবে বলে সভায় উল্লেখ করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(ড. একেএম নুরচজ্জামান)  
মহাব্যবস্থাপক (কার্যক্রম) ও  
ইনোভেশন অফিসার